দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 NOV 1988
পৃষ্ঠা ৫ কলাম ৪

19

148

## বহিরাগত পরীক্ষার্থী : ভিসি'র মন্তব্য

25 NOV 1988

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সাহেব ডিগ্রী বহিরাগত পরীক্ষার্থীদের সেন্টার বদল ও নকল করার ব্যাপারে যে অভিযোগ করেছেন তার প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে।

আসলে নকল প্রবণতার জন্য ছাত্র, শিক্ষক, কলেজ কর্তৃপক্ষ কাকেও এককভাবে দায়ী করা যায় না। সমাজের সর্বস্তরের মূল্যবোধের অবক্ষয় এবং দুর্নীতির প্রশ্রয় থেকেই নকলের উদ্ভব। সুতরাং একে বিচ্ছিন্ন কোন সমস্যা ভাবা ঠিক নয়। তাই নকল প্রবণতা যথার্থই বন্ধ করতে হলে সব রকমের দুর্নীতি ও অনাচারের বিরুদ্ধে কঠোর মনোভাব গ্রহণ করতে হবে। এবং দুর্নীতিবাজ— সে যেই হোক তার শাস্তি নিশ্চিত করতে হবে। তা না হলে শুধু নকলের বিরুদ্ধে যত কঠোর ব্যবস্থাই নেয়া হোক তার ফল হবে শূন্য।

সুনাগরিক,
মিরপুর-১১, ঢাকা।